Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 26 May, 2025

পাবনায় পূর্ব শত্রুতার জের ধরে ছুরিকাঘাতে আহত রনি মন্ডল (২৪) নামে এক যুবক মারা গেছেন।এই ঘটনার অভিযুক্ত ইমন হোসেন (২৭) নামে একজনকে আটক করেছে পুলিশ।

সোমবার (২৬ মে) সকালে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।এর আগে রবিবার (২৫ মে) রাত ১২টার দিকে পাবনা সদর উপজেলার লঞ্চঘাট এলাকায় তাকে ছুরিকাঘাত করা হয়।

পাবনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুস সালাম এ তথ্য নিশ্চিত করেছেন।

নিহত রনি মন্ডল সদর উপজেলার দোগাছি ইউনিয়নের চর-আশুতোষপুর লঞ্চঘাট পশ্চিমপাড়া এলাকার জাহাঙ্গীর মণ্ডলের ছেলে।আর আটককৃত ইমন একই উপজেলার চর কোষাখালী লঞ্চঘাট এলাকার শুকুর আলীর ছেলে।

স্থানীয় ও পরিবার সূত্রে জানা যায়, দীর্ঘদিন রনি ও ইমনের মধ্যে বিরোধ চলে আসছিল। রবিবার রাতে লঞ্চ ঘাট এলাকায় ইমন কৌশলে রনি কে ডেকে নিয়ে ছুরিকাঘাত করে পালিয়ে যায়।স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রথমে পাবনা জেনারেল হাসপাতালে ভর্তি করে।পরে তার অবস্থা অবনতি হলে রাজশাহী মেডিকেল কলেজে স্থানান্তর করেন চিকিৎসক। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রনি'র মৃত্যু হয়।

এ বিষয়ে পাবনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুস সালাম বলেন, এই ঘটনার পরপরই রাতে অভিযুক্ত ইমন কে আটক করা হয়েছে।রনিকে কেন ছুরিকাঘাত করা হয়েছে,

এর সাথে কি বিষয় জড়িত তা তদন্ত করে দেখা হচ্ছে।তবে প্রাথমিক তথ্য পাওয়া গেছে পূর্ব কোনো বিরোধ ছিল।

মৃত্যু আটক

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:05

URL: https://www.timestodaybd.com/public/rajshahi/296755183